


NEWAGE

The outspoken daily

www.newagebd.net

Dhaka, Friday, May 27, 2022, Jyaishta 13, 1429 BS



NMST gets ISO certification

Staff Correspondent

THE National Museum of Science and Technology has been awarded ISO certification on Thursday.

The museum has achieved international recognition for its services and best practices for organisational management, said a press release issued by the museum authorities.

In a monthly co-ordination meeting, the science and technology ministry senior secretary Ziaul Hasan handed over the ISO certificate to the museum director general Muhammad Munir Chowdhury.

আইএসও সনদ পেল বিজ্ঞান জাদুঘর



অফিস ব্যবস্থাপনায় উৎকর্ষ, দর্শক সেবায় অসাধারণ সাফল্য, দেশব্যাপী শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান অনুরাগ সৃষ্টি এবং তরুণ প্রজন্মের মধ্যে উদ্ভাবনী চিন্তা সৃজনে অসাধারণ প্রাতিষ্ঠানিক সাফল্য অর্জনের জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইএসও সনদ অর্জন করে সরকারি প্রতিষ্ঠানের মাঝে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। গত বৃহস্পতিবার (২৬ মে) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জিয়াউল হাসান এনডিসির মাধ্যমে আইএসও সনদ সংস্থার মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরীর কাছে হস্তান্তর করা হয়।

সভায় মন্ত্রণালয়ের বিভিন্ন স্তরের কর্মকর্তা এবং অধীন সংস্থাসমূহের প্রধানরা উপস্থিত ছিলেন। এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, 'প্রশাসনিক ব্যবস্থাপনায় এবং জনসেবায় আমরা সর্বোচ্চ দক্ষতা, জবাবদিহি ও শুদ্ধতা প্রতিষ্ঠায় কঠোরভাবে দৃঢ় প্রতিজ্ঞ।

' উল্লেখ্য, ২০২০ সালের ২৫ ফেব্রুয়ারি থেকে বিজ্ঞান জাদুঘর আইএসও সনদ প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় প্রায় দুই বছর বহুমুখী প্রশাসনিক সংস্কারমূলক কার্যক্রম, ব্যাপক উন্নয়নমূলক কর্মতৎপরতা এবং বহুমাত্রিক আধুনিকায়নের মাধ্যমে দর্শকবান্ধব অনন্য আবহ তৈরি ও শিক্ষার্থীবান্ধব নান্দনিক পরিবেশ তৈরির পদক্ষেপগুলো বাস্তবায়িত হয়। বাংলাদেশের 'আর অ্যান্ড জি' কনসালট্যান্ট নামক প্রতিষ্ঠানের মাধ্যমে যুক্তরাজ্যের খ্যাতনামা এজেএ ইউরোপ লি. নামক প্রতিষ্ঠান আইএসও সার্টিফিকেট প্রদানের যাবতীয় অডিট কাজ সম্পন্ন করে। এ আলোকে প্রাতিষ্ঠানিক পরিবেশ, কর্মকর্তা-কর্মচারীদের কর্মতৎপরতা, দর্শক সেবার মান, আধুনিক বৈজ্ঞানিক উদ্ভাবন ইত্যাদি যাবতীয় খুঁটিনাটি বিষয় দীর্ঘ পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হয়। বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয় বিজ্ঞান জাদুঘরের কর্মীদের এবং প্রতিটি স্তরে নিরবচ্ছিন্ন অডিট কার্যক্রমও সম্পন্ন করা হয়।

অবশেষে দীর্ঘ দুই বছরের পথপরিষ্কারের পর সম্প্রতি যুক্তরাজ্য থেকে আইএসও সনদটি বিজ্ঞান জাদুঘরের নিকট হস্তান্তর করা হয়, যা 'ISO 9001:2015' নামে সমধিক পরিচিত। সরকারি দপ্তর হিসেবে বিশেষত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন সংস্থা হিসেবে বিজ্ঞান জাদুঘর সর্বপ্রথম আইএসও সনদ অর্জনের এ সৌভাগ্য লাভ করল, যা বাংলাদেশের সরকারি অফিস ব্যবস্থাপনাকে সমৃদ্ধ করার এক অনন্য মাইলফলক।

সমকাল

আইএসও সনদ পেল বিজ্ঞান জাদুঘর

সমকাল প্রতিবেদক

© প্রকাশ: ২৭ মে ২২ | ০০:০০ | প্রিন্ট সংস্করণ

ব্যবস্থাপনা ও কার্যক্রমে অসাধারণ প্রাতিষ্ঠানিক সাফল্যের জন্য আন্তর্জাতিক মান সংস্থার (আইএসও) সনদ অর্জন করেছে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর। অফিস ব্যবস্থাপনায় উৎকর্ষতা, দর্শক সেবায় সাফল্য, দেশব্যাপী শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান অনুরাগ সৃষ্টি এবং তরণ প্রজন্মের মধ্যে উদ্ভাবনী চিন্তা সৃজনের কারণে এ সনদ পেয়েছে প্রতিষ্ঠানটি। গতকাল বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষে সিনিয়র সচিব জিয়াউল হাসান এ সনদ বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরীর কাছে হস্তান্তর করেন। মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, ২০২০ সালে বিজ্ঞান জাদুঘর আইএসও সনদের জন্য উদ্যোগ নেয়। বহুমুখী প্রশাসনিক সংস্কার কার্যক্রম, উন্নয়নমূলক কর্মতৎপরতা, শিক্ষার্থীবান্ধব নান্দনিক পরিবেশ এবং বহুমাত্রিক আধুনিকায়নের মাধ্যমে অনন্য আবহ তৈরি করা হয়েছে। বাংলাদেশের কনসালটেন্ট প্রতিষ্ঠান 'আর অ্যান্ড জি'-র মাধ্যমে যুক্তরাজ্যের খ্যাতনামা 'এজেএ ইউরোপ লিমিটেড' আইএসও সার্টিফিকেট দেওয়ার যাবতীয় অডিট করে। সম্প্রতি যুক্তরাজ্য থেকে আইএসও সনদটি বিজ্ঞান জাদুঘরের কাছে হস্তান্তর করা হয়।